# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ১৫৬. যশখ্যাতির আশা করবেন না, যদি করেন তবে মানসিক চাপগ্রস্ত ও উদ্বিগ্ন হবেন

মানুষের মনোযোগের পাত্র হতে চেয়ে এবং মানুষকে খুশি করতে চেষ্টা করে আপনি জীবনের সুখ ও ভারসাম্যতা উভয়টাই হারাবেন।

تِلْكَ الدَّارُ الْآخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِينَ لَا يُرِيدُونَ عُلُوًّا فِي الْأَرْضِ وَلَا فَسَادًا

“পরকালের সে বাড়ি (অর্থাৎ জান্নাত) আমি তাদেরকে দিব যারা এ পৃথিবীতে উদ্ধত হতে চায় না ও বিপর্যয়ও সৃষ্টি করতে চায় না।” (২৮-সূরা আল কাছাছঃ আয়াত-৮৩)

একজন আরবী কবি বলেছেন-

من أخمل النفس أحياها وروحها

ولم يبت طاويا فيها على ضجر

إن الرياح إذا اشتدت عواصفها

فليس ترمي سوى العالي من الشجر

“যে আনুগত্যে তৃপ্ত কিন্তু নেতা হওয়াতে তৃপ্ত নয়,

সে নিজের জন্য সৌম্যতা বয়ে আনে ও তার রাত শান্তিতে কাটায়।

নিশ্চয় বায়ু যখন প্রচণ্ডভাবে বয়ে যায়

তখন তা গাছের আগাতেই আঘাত হানে।”

(এ অনুবাদ ইংরেজী পুস্তক অনুসারে করা হলো। -অনুবাদক)

অথবা, “যে নিজেকে অখ্যাত করল সে নিজেকে জীবিত ও সতেজ করল, আর সে (খ্যাতির) ক্ষুধায় কাতর হয়ে বিরক্ত বা ক্রুদ্ধ অবস্থায় রাত কাটাল না, কেননা, বায়ুর বেগ যখন প্রচণ্ড হয় তখন তা গাছের আগা ছাড়া অন্য অংশকে নিক্ষেপ করে না (বা ভেঙ্গে ফেলে না) অর্থাৎ প্রচণ্ড বায়ু গাছের আগাকেই ভেঙ্গে ফেলে)।” (এ অনুবাদ আরবী কবিতা অনুসারে শাব্দিকভাবে করা হল। -অনুবাদক)

“তারা অলসভাবে দাড়ায়; তারা তো লোক দেখাতে চায়।” (৪-সূরা আন নিসাঃ আয়াত-১৪২)

“এবং তারা যা করেনি তার জন্য তারা প্রশংসিত হতে ভালোবাসে।” (৩-সূরা আলে ইমরানঃ আয়াত-১৮৮)

“আর তোমরা তাদের মতো হয়ো না যারা দম্ভ ভরে ও লোক দেখানোর জন্য তাদের ঘর থেকে বের হয়েছিল।” (৮-সূরা আনফালঃ আয়াত-৪৭)

একজন আরব কবি বলেছেন-

ثَوْبُ الرِّياء يَشِفُّ عَمّا تَحْتَهُ * فَإذا التَحَفْتَ بِهِ فإنّك عَارِي

“লোক দেখানোর কাপড় এত পাতলা যে তার নিচের সবকিছু দেখা যায়। অতএব, যদি তুমি তা দিয়ে তোমার ছতর ঢাক তবে তুমি উলঙ্গ থাকবে।”

Source — https://www.hadithbd.com/books/link/?id=7665

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন